মাননীয়

দাগনভূঁঞা সিনিয়র সহকারী জজ আদালত,ফেনী।

জেলা- ফেনী।

দেওয়ানী মামলা নং- ৪৮২/২০১৮ ইং।

মোহাম্মদ গোলাম মাওলা বনাম আবুল কাশেম গং

বাদী বিবাদী

# বাদী ও ১-৩নং বিবাদী মধ্যে সোলেনামা

নিবেদন এই,

বাদী ও ১-৩নং বিবাদী পাশাপাশি গ্রামের বাসিন্দা বিধায় এবং নালিশী ভূমি বাবতে স্থানীয় গন্যমান্য ব্যাক্তিগন নিম্মমত আপোষ মীমাংসা করিয়া দিয়াছেন।

আপোষ মীমাংসার মর্ম নিম্মরুপঃ-

১। বাদী মমারিজপুর মৌজার জিলা জরিপী ২০১ নং এবং এস,এ ২৭৮নং খতিয়ানের সাবেক ৩৬৭৮ দাগের ৯৯ ডিং আঃ ২৪.৭৫ ডিং ভূমি এবং ৩৬৮৬ দাগের ৩১ ডিং আন্দরে ০.৫০ একুনে ২৫.২৫ ডিং ভূমি নুরুল ইসলামে নিকট হইতে বিগত ২০/১২/৯৪ ইং তারিখের রেজিঃ ৭৮০৬ ছাপকবলা মূলে খরিদ সূত্রে মালিক ও দখলকার আছে। হাল বাংলাদেশ জরিপে ১নং বিবাদীর পিতা আবদুল আজিজ ও ২নং বিবাদীর পিতা মোঃ ইউনুছ এবং ৩নং বিবাদীর পিতা মোহাং এয়াছিনের নামে ভূল ও অশুদ্ধ ভাবে ঐ মমারিজপুর মৌজার হাল বি,এস ১৬২ নং খতিয়ানের বি,এস ৭৫১১ দাগে ২৪ ডিং ভূমি এবং বি,এস ৭৫০৮ দাগে ১.২৫ ডিং ভূমি একুনে ২৫.২৫ এবং ভূল ও অশুদ্ধ ভাবে রেকর্ড হওয়ায় ১-৩নং বিবাদীগন স্বীকার করিল। ১-৩নং বিবাদী উক্ত নালিশী ভূমিতে মালিক ও দখলকার নাই এবং ঐ ভূমি দাবী করে না। বাদী হাল বি,এস রেকর্ড বাবতে সোলেমূলে স্বত্ত¡ ঘোষনার ডিক্রী পাইতে ১-৩নং বিবাদীগনের কোন আপত্তি নাই ও রহিলেক না।

২। মোকদ্দমা খরচ পক্ষগনের নিজ নিজ ক্ষতি হইবে।

অতএব, বাদী ও ১-৩নং বিবাদীগন হুজুরাদালতে বিনীত ভাবে প্রার্থনা করেন যে, বাদীকে নালিশী ভুমি বাবতে অত্র সোলে নামার মর্মমতে স্বত্ত¡ ঘোষনার ডিক্রি দানে বাধিত করার মর্জি হয়।

সত্যপাঠ

অত্র সোলেনামার যাবতীয় বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য, অত্র সত্যতায় শুদ্ধ স্বীকারে নিম্মে আমার নিজ নাম স্বাক্ষর প্রদান করিলাম।

ইতি তাং-